দৈনিক সংবাদ

তারিখ ... MAY 16 1999 ...
পৃষ্ঠা ... ৫ কলাম ... ২ ....

236

# আসল রহস্য কোন্‌খানে?

লালমনিরহাট থেকে নিজস্ব সংবাদদাতা ঃ লালমনিরহাট জেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ পরীক্ষার ফলাফল এসেছে ৭ দিন আগে। অথচ রীতিমতো রহস্যজনক কারণেই তা এখনও প্রকাশ করা হয়নি। তবে সাধারণ প্রার্থীরা ফলাফল সম্পর্কে জানতে না পারলেও 'ভাগ্যবান' নিয়োগ প্রাপ্তদের প্রায় সকলেই তা জেনে গেছেন। ফলে সংশ্লিষ্ট দফতরে দফতরে ইতোমধ্যে ভাল পোস্টিং-এর জন্য শুরু হয়ে গেছে তাদের আরেক দফা দেনদরবার-এর পালা। বিভিন্ন সূত্র থেকে এ অভিযোগ পাওয়া গেছে।

সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্র জানায়, জেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক-শিক্ষিকার ৮১টি শূন্য পদে নিয়োগের জন্য অনুষ্ঠিত চূড়ান্ত ফলাফল গত ৬ই মে জেলায় এসে পৌঁছলেও ১৩ই মে পর্যন্ত অজ্ঞাত কারণে তা প্রকাশ করা হয়নি। সংশ্লিষ্ট দায়িত্বশীল সূত্র এর সত্যতা স্বীকার করেছেন।

উল্লেখ্য, সরকারি প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা নিয়োগের জন্য জেলায় গত বছর অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ মোট ২৯৫ জন প্রার্থীর চূড়ান্ত মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয় গত এপ্রিল মাসে। কিন্তু ব্যাপক অভিযোগ উঠেছে, ঐ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে মেধা যাচাইয়ের ভিত্তিতে নয়, মোটা অংকের অর্থের পরিমাপে।